



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/29/2022

গভর্নর ক্যাথি হোকল

**মৃত্যুবরণ করা FDNY EMS লেফটেন্যান্ট অ্যালিসন রুসো-এলিং এর সম্মানে পতাকা  
অর্ধনমিত রাখার জন্য গভর্নর হোকলের নির্দেশ**

গভর্নর ক্যাথি হোকল আজ নির্দেশ দিয়েছেন যে শুক্রবার, 30 সেপ্টেম্বর, মৃত্যুবরণকারী FDNY EMS লেফটেন্যান্ট অ্যালিসন রুসো-এলিং এর সম্মানে স্টেট ভবনগুলোতে পতাকা অর্ধনমিত রাখা হবে। শুক্রবার, 30 সেপ্টেম্বর, সূর্যোদয়ের সময় পতাকা অর্ধনমিত করা হবে এবং লেফটেন্যান্ট রুসো-এলিং এর শেষকৃত্য অনুষ্ঠান শেষে পতাকা পূর্ণ উত্তোলিত অবস্থায় নিয়ে আসা হবে।

"আমরা অ্যালিসন রুসো-এলিং এর মৃত্যুতে শোক প্রকাশ করছি, যিনি ছিলেন দায়িত্ব পালনরত অবস্থায় নিহত হওয়া একজন EMT লেফটেন্যান্ট," **বলেছেন গভর্নর হোকল।** "তার জীবনের প্রতি সম্মান জানানো এবং একজন বীর হিসেবে তাকে স্মরণ করার এই সময়ে আমরা তার পরিবারের প্রতি সমবেদনা জানাই। আমি জানি নিউ ইয়র্কবাসীদের সবাই FDNY-এর সঙ্গে তার দুই দশকেরও বেশি সময় ধরে এবং ওয়ার্ল্ড ট্রেড সেন্টারের ঘটনায় প্রথম সাড়াদানকারীদের একজন হিসেবে তার সেবার জন্য কৃতজ্ঞ।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)-এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418